

COVID-19

কোভিড-১৯



ভ্যাকসিনের তথাকথিত ধারণার পরিষ্কারভাবে বর্ণনা

**Vaccine Myths Debunked**

## ভ্যাকসিনের তথাকথিত ধারণা #১

কোভিড-১৯ ভ্যাকসিনটি নিরাপদ নয় কারণ এটি অতি দ্রুত তৈরি করে পরীক্ষা করা হয়।

### THE FACTS

সারা বিশ্বে এই মহামারীর প্রকোপের কারণে বহু ঔষধ কোম্পানি উল্লেখযোগ্য তথ্য-উপাত্ত ব্যবহার করেছে দ্রুত কোভিড-১৯ এর ভ্যাকসিন তৈরি করতে। এই জরুরী অবস্থার কারণে একটি জড়ালো সাড়া পাওয়ার মানে এই নয় যে কোম্পানিগুলো সুরক্ষা আচরণবিধি মানেনি বা পর্যাপ্ত পরীক্ষা-নিরীক্ষা চালায়নি।



## ভ্যাকসিনের তথাকথিত ধারণা #২

আমার আগে কোভিড-১৯ হয়েছিলো তবে এখন আমি সুস্থ হয়ে গেছি তাই কোভিড-১৯ ভ্যাকসিনটি তৈরি হলে আমাকে আর সেটি নিতে হবে না।

### প্রকৃত ঘটনা

এখনো পর্যন্ত আমাদের কাছে পর্যাপ্ত তথ্য নেই যে কেউ কোভিড-১৯ এ আক্রান্ত হলে ঠিক কতোদিন পর্যন্ত বা আদৌ সে কি নতুন করে কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার থেকে সুরক্ষিত থাকে। এটিকে বলা হয় প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতা। পূর্ব প্রামাণিক তথ্য বলে যে কোভিড-১৯ এর প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতা খুব বেশি দিন না ও টিকতে পারে, তবে এটি বিস্তরভাবে বুঝতে আমাদের আরো পরীক্ষা-নিরীক্ষা প্রয়োজন। এটি পরামর্শ দেয়া হয় যে, আপনি পূর্বে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে থাকলেও আপনার ভ্যাকসিনটি নেয়া উচিত।



## ভ্যাকসিনের তথাকথিত ধারণা #৩

কোভিড-১৯ ভ্যাকসিন নেয়ার পর আমাকে আর মাস্ক পরতে হবে না।

### প্রকৃত ঘটনা

যারা কোভিড-১৯ ভ্যাকসিনটি চাচ্ছেন তাদের সবার কাছে এই ভ্যাকসিনটি পৌঁছাতে কিছুটা সময় লাগতে পারে। ভ্যাকসিনটি আপনাকে আক্রান্ত হওয়ার থেকে সুরক্ষা দিলেও, এটি এখনো অজানাই রয়ে গেছে যে আপনি ভাইরাসটি বহন করে অন্যদের মধ্যে ছড়াতে পারবেন কি না। যতোদিন পর্যন্ত আমরা জানতে পারছি যে এই ভ্যাকসিনটি ঠিক কতোটুকু কার্যকরভাবে কাজ করে, ততোদিন পর্যন্ত আমাদের মাস্ক পরা এবং সামাজিক দূরত্ব বজায় রাখার সতর্কতা প্রয়োজন।



## ভ্যাকসিনের তথাকথিত ধারণা #৪

ভ্যাকসিনের কারণে আমার কোভিড-১৯ হবে।

### প্রকৃত ঘটনা

আমেরিকাতে অনুমোদিত এবং প্রস্তাবিত কোভিড-১৯ ভ্যাকসিন অথবা যেসব ভ্যাকসিন এই মুহুর্তে প্রক্রিয়াধীন আছে তাদের মাঝে কোনোটিতেই জীবিত ভাইরাসটি নেই যা কোভিড-১৯ ছড়ায়। এর মানে হচ্ছে যে কোভিড-১৯ এর ভ্যাকসিন আপনাকে কোভিড-১৯ এ আক্রান্ত করতে পারবে না।

